রেশম পরিধানকারীদের আখিরাতে কোনো অংশ নেই

ওমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু হতে মারফু হিসেবে বর্ণিত, “যরা রেশম পড়বে,
তাদের কোনো অংশ নেই।” বুখারীর বর্ণনায় এসেছে, “যার আখিরাতে কোনো অংশ নেই।”
[সহীহ] [উভয় বর্ণনা মুত্তাফাকুন আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সংবাদ দিচ্ছেন যে, পুরুষদের কেউই রেশম পরিধান করবে না, তবে আখিরাতে যার কোনো অংশ নেই সে ব্যতীত। এতে কঠোর ধমক রয়েছে। কারণ রেশম হচ্ছে নারীদের ও জান্নাতীদের পোশাক।দুনিয়াতে অহংকারী, দাম্ভিক ও বড়ত্ব প্রকাশকারী ব্যতীত কেউ তা পরিধান করেনা। এ জন্যই তা পরিধান করতে নিষেধ করা হয়েছে। নিষেধাজ্ঞাটি খাঁটি রেশমের ক্ষেত্রে। আসলও কৃত্রিমভাবে তৈরি রেশম থেকেও দূরে থাকা বাঞ্ছনীয়। কারণ এতে বিলাসিতা হয়ে যায় এবং নারী ও ফাসিকদের সাথে সাদৃশ্য হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/4237